



দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা(২য় সংশোধিত) প্রকল্প
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.iresppw-brdb.gov.bd/Fax-8189029

স্মারকঃ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮২.১৭.১৫৮

তারিখঃ ২৮/০২/১৮ খ্রিঃ


বিষয়ঃ পুরস্কার নীতিমালার আলোকে বিভিন্ন ক্যাটাগরিতে পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন প্রদান।

সূত্রঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৮২.১৭.১২.৬৯০, তারিখঃ০৯/১০/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্পটি দারিদ্র্য বিমোচনে সরকারের একটি অগ্রাধিকার প্রকল্প। সংশ্লিষ্ট সকলের সমন্বিত প্রচেষ্টায় দেশের দারিদ্র্য বিমোচন, আর্থ-সামাজিক উন্নয়ন ও প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হচ্ছে। প্রকল্পের কার্যক্রমকে আরও গতিশীল ও সুবিধাভোগীদের মধ্যে ভাল কাজের আগ্রহ সৃষ্টিসহ প্রকল্পে নিয়োজিত কর্মকর্তা / কর্মচারীদের কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ পুরস্কার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সূত্রস্ব পত্র মূলে গত ৩০/১১/১৭ খ্রিঃ তারিখের মধ্যে জেলা পর্যায়ে মনোনিতদের তালিকা প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলে প্রকল্পভুক্ত ৬টি জেলা হতে মনোনিতদের তালিকা পাওয়া গেলেও অবশিষ্ট ৯ টি যথা-ভোলা, পটুয়াখালী, পিরোজপুর, বরিশাল, খুলনা, যশোর, মাগুরা, চুয়াডাঙ্গা ও নড়াইল জেলা হতে পাওয়া যায়নি। প্রকল্প সদর দপ্তর হতে প্রতিনিয়ত যোগাযোগ করা সত্বেও অদ্যাবধি প্রেরণ করা হয়নি; ফলে পুরস্কার প্রদানের বিষয়টি বিলম্বিত হচ্ছে। উল্লেখ্য, প্রকল্পের মেয়াদ জুন/১৮ খ্রিঃ মাসে শেষ হবে বিধায় প্রকল্প মেয়াদের মধ্যে পুরস্কার প্রদানের নিমিত্ত যাবতীয় প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পাদন পূর্বক আনুষ্ঠানিকভাবে পুরস্কার প্রদানের বাধ্যবাধকতা রয়েছে।

এমতাবস্থায়, পুরস্কার নীতিমালার আলোকে জেলা পর্যায়ে বাছাইকার্য সম্পাদনপূর্বক মনোনিতদের তালিকা আগামী ০৮/০৩/১৮ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প সদর দপ্তরে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
০২-৮১৮০১৪৪

উপপরিচালক

বিআরডিবি

ভোলা/পটুয়াখালী/পিরোজপুর/বরিশাল/খুলনা/যশোর/মাগুরা/চুয়াডাঙ্গা/নড়াইল জেলা।

অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা-----, জেলা-----।

৪. পরিচালক (প্রশাসন/সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা(ইরেসপো), উপজেলা-----, জেলা-----।

৬. অফিস নথি / গার্ড ফাইল।